

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রদলের ওপর ছাত্রলীগের হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) শাখা।

গতকাল মঙ্গলবার এক যৌথ বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি রাজীব কান্তি রায় ও সাধারণ সম্পাদক সুহাইল আহমেদ শুভ এই ঘটনাকে ন্যাকারজনক উল্লেখ করে নিন্দা ও প্রতিবাদ জানান। সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের ঢাবি শাখার দপ্তর সম্পাদক হাসান মাহমুদের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, ‘হল ও ক্যাম্পাসে ছাত্রলীগ ত্রাসের রাজত্ব কয়েক করেছে। ভিন্নমত ও দলের ওপর নানান দমন, পীড়ন, নির্যাতনের ঘটনা নিত্যনৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। ন্যূনতম গণতান্ত্রিকতার তোয়াক্কা না করে হল ক্যাম্পাসে সন্ত্রাস-দখলদারিত্বের মধ্য দিয়ে ত্রাসের রাজত্ব কয়েক করেছে ছাত্রলীগ। ইতোপূর্বে বহুবার প্রগতিশীল ছাত্র সংগঠনসমূহের কর্মসূচিতেও ছাত্রলীগ সশস্ত্র হামলা চালিয়েছে, তার কোনো বিচার হয়নি। বিশ্ববিদ্যালয় প্রশাসনের এই নির্লিপ্ততা আর বিচারহীনতার সংস্কৃতিই এরকম বেপরোয়া করে তুলছে সন্ত্রাসীদেরকে।’

নেতৃবৃন্দ এই হামলার ঘটনায় জড়িতদের অনতিবিলম্বে চিহ্নিত করে বিচারের আওতায় নিয়ে আসার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনের প্রতি আহ্বান জানিয়েছেন। অস্ত্র, সন্ত্রাস ও দখলদারিত্বমুক্ত হল ক্যাম্পাস নিশ্চিত করে শিক্ষার সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ নির্মাণের দাবিও জানিয়েছেন তারা।